

ঢাবির দুই ইউনিটের ভর্তি কার্যক্রমের ওপর হাইকোর্টের আরো ৬ সপ্তাহের স্থগিতাদেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০৮-০৯ সেশনে অনার্স প্রথম বর্ষের 'খ' ও 'ঘ' ইউনিটের ভর্তি কার্যক্রমের ওপর আরো ছয় সপ্তাহের স্থগিতাদেশ দিয়েছেন হাইকোর্ট। নতুন স্থগিতাদেশ ৩১ ডিসেম্বর থেকে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত স্থায়ী হবে।

এর আগে ২ ডিসেম্বর আদালত এ. দুই ইউনিটের ভর্তি কার্যক্রমের ওপর চার সপ্তাহের স্থগিতাদেশ দিয়েছিলেন। এ স্থগিতাদেশের কার্যকরিতা ৩০ ডিসেম্বর পর্যন্ত স্থায়ী হবে। পাঁচ ভর্তি পরীক্ষার্থীর রিট আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত এ স্থগিতাদেশ দেন।

হাইকোর্টের বিচারপতি মীর হাসমত আলী ও বিচারপতি শামীম হাসনাইনের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ বুধবার ওই আদেশ দেন। বাদীপক্ষের আইনজীবী ব্যারিস্টার বেলায়েত হোসেন চুইয়া চন্দানির আবেদন করলে আদালত নতুন স্থগিতাদেশ দেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের পক্ষের আইনজীবী ব্যারিস্টার শাহদীন মালিকও উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও

সামাজিকবিজ্ঞান অনুষদভুক্ত 'ব' এবং 'ঘ' ইউনিটের সাতটি বিভাগ- বাংলা, ইংরেজি, গণযোগাযোগ ও সাংবাদিকতা, আন্তর্জাতিক সম্পর্ক, ভাষা বিজ্ঞান, উইমেন অ্যান্ড জেডার স্টাডিজ, অর্থনীতি বিভাগে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে ২০০ নাম্বার অধ্যয়নের শর্তারোপ করা হয়েছে এ বছর। এ নিয়মের ফলে মাদ্রাসা বোর্ডের দাবিল ও আলিম পাস করা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়।

এসব বিভাগে ভর্তির ক্ষেত্রে নতুন শর্ত কেন অবৈধ ও এখতিয়ার বহির্ভূত ঘোষণা করা হবে না মর্মে ২৬ নভেম্বর সরকার, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্যসহ ১৪ জনকে শোকজ করেন হাইকোর্ট। ওই সময়ে আদালত বিশ্ববিদ্যালয়কে সাজসিঁদের মধ্যে এ বিষয়ে কারণ দর্শানোর জন্য নির্দেশ দিয়েছিলেন। তবে বিবাদীপক্ষ ওই সময়ের মধ্যে শোকজের জবাব দেয়নি বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। চলতি সেশনে বিশ্ববিদ্যালয়ে ভর্তির সর্বশেষ পরীক্ষা ২৮ নভেম্বর অনুষ্ঠিত হয়।